

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা  
www.shed.gov.bd



নং-৩৭.০০.০০০০.০৭৯.১১.১৯১.২২-১৩৬

তারিখ : ২৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ  
১২ এপ্রিল ২০২২ খ্রিষ্টাব্দ


### প্রজ্ঞাপন

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০১৩ এর ১২ (১) ধারা অনুসারে অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়া, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-কে নিম্নোক্ত শর্তে বরিশাল বিশ্ববিদ্যালয় এর ট্রেজারার পদে নিয়োগ প্রদান করা হলো:

- (ক) ট্রেজারার হিসেবে তাঁর এ নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর হবে। তবে প্রয়োজ্য ক্ষেত্রে তিনি নিয়মিত চাকরির বয়সপূর্তিতে মূল পদে প্রত্যাবর্তনপূর্বক অবসরগ্রহণের আনুষ্ঠানিকতা সম্পাদন শেষে উক্ত মেয়াদের অবশিষ্টাংশ পূর্ণ করবেন;
- (খ) উপর্যুক্ত পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতা প্রাপ্য হবেন;
- (গ) তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;
- (ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ক্ষমতা ও দায়িত্ব পালন করবেন; এবং
- (ঙ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ মাসুম আহমেদ)  
উপসচিব

ফোন: +৮৮ ০২২২৩৩৯০৬৭২

ই-মেইল: ds\_s.tech@moedu.gov.bd

চলমান পাতা - ২

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. উপাচার্য, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
৮. অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. অধ্যাপক ড. মোঃ বদরুজ্জামান ভূঁইয়া, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. জেলা প্রশাসক, বরিশাল।
১২. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৩. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।  
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৫. রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
১৬. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।  
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৭. পি. আই. ডি., তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
(প্রজ্ঞাপনটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।